# বাংলাদেশ সফর জাকির নায়েকের দিল্লি দেখালো তীব্র প্রতিক্রিয়া



সংগৃহীত ছবি

আগামী মাসে বাংলাদেশে আসছেন আন্তর্জাতিক পরিচিত ইসলামি বক্তা ডা. জাকির নায়েক। এই সফরের আয়োজন সম্পর্কে ইতোমধ্যে একটি ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান সামাজিক মাধ্যমে প্রচারণা চালিয়েছে। তবে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন জানিয়েছেন, সরকার বা মন্ত্রণালয় এই বিষয়ে কোনো তথ্য জানে না।

জাকির নায়েকের বাংলাদেশ সফরের খবর ভারত পর্যন্ত পৌঁছেছে। ৩০ অক্টোবর ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে সাংবাদিকরা মুখপাত্র রণধীর জয়সওয়ালকে বিষয়টি নিয়ে প্রশ্ন করেন। জবাবে তিনি বলেন, “ডা. জাকির নায়েক ভারতে পলাতক ও ওয়ান্টেড। আশা করি, যেখানেই তিনি থাকুন না কেন, সংশ্লিষ্ট দেশ তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেবে এবং আমাদের নিরাপত্তার উদ্বেগ বিবেচনা করবে।”

২০১৬ সালে ভারত ছাড়ার পর মালয়েশিয়ায় স্থায়ীভাবে বসবাস শুরু করেন জাকির নায়েক। ভারতের বিজেপি সরকার তার বিরুদ্ধে ঘৃণা ছড়ানোর অভিযোগে মামলা দায়ের করেছে, পাশাপাশি অর্থ পাচারের অভিযোগেও তাকে অভিযুক্ত করা হয়েছে। তার পিস টিভি চ্যানেলও বন্ধ করা হয়েছে।

নিজের ভবিষ্যৎ নিয়ে ডা. জাকির নায়েক বারবার বলেছেন, ভারতে ফিরে যাওয়া তার কাছে নিরাপদ মনে হয় না এবং সেদেশে ন্যায় বিচার পাওয়া নিয়ে তার সন্দেহ রয়েছে।